

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭৪

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ আল্লাহর জন্য দান করে যে ব্যক্তি খোটা দেয়, সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ نَفْيِ دُخُولِ الْجَنَّةِ عَنِ الْمَنَّانِ بِمَا أَعْطَى فِي ذَاتِ اللَّهِ

আরবী

3374 = 1 أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٌ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ جَابَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَدْخُلُ الْجَنَّةَ وَلَدُ زِنْيَةٍ وَلَا منَّانٌ وَلَا عاقٌ وَلَا مُدْمِنُ خمرٍ) الراوي : عَبْد اللَّهِ بْن عَمْرٍو ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 13374 خلاصة حكم المحدث: حسن — ((الصحيحة)) (673). قَالَ أَبُو حَاتِمٍ مَعْنَى نَفْي الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ وَلَدِ الزَّنِيَة دُخُولَ الْجَنَّةِ وَوَلَدُ الزِّنْيَةِ لَيْسَ عَلَيْهِمْ مِنْ أَوْزَارِ آبَائِهِمْ وَأُمَّهَاتِهِمْ شَيْءً — أَنَّ وَلَدَ الزِّنْيَةِ عَلَى الْأَغْلَبِ وَوَلَدُ الزِّنْيَةِ مَلْ وَلَدَ الزِّنْيَةِ لايدخَل يَكُونُ أَجْسَرَ عَلَى الرَّبُكِةِ مِمَّنْ لَمْ تَكْثُرْ جَسَارَتُهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ وَلَدَ الزِّنْيَةِ لايدخل الْجَنَّة جُنَّةً يَدْخُلُهَا غَيْرُ ذِي الزِّنْيَةِ مِمَّنْ لَمْ تَكْثُرْ جَسَارَتُهُ عَلَى ارْتِكَابِ الْمَرْجُورَاتِ أَرَادَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ وَلَدَ الزِّنْيَةِ لايدخل الْجَنَّة جُنَّةً يَدْخُلُهَا غَيْرُ ذِي الزِنْيَةِ مِمَّنْ لَمْ تَكْثُرْ جَسَارَتُهُ عَلَى ارْتِكَابِ الْمَرْجُورَاتِ.

বাংলা

৩৩৭৪. আব্দুল্লাহ বিন আমর রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "জারজ সন্তান, দান করে খোটাদানকারী, পিতা-মাতার অবাধ্য সন্তান এবং মদ্যপায়ী ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না ।"[1]

আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জারজ সন্তান জান্নাতে না যাওয়ার কথা বলেছেন। -অথচ তার বাবা ও মা যা পাপ কাজ করেছে, তার কোন পাপ তার উপর বর্তাবে না-রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কথার মর্ম হলো জারজ সন্তান অধিকাংশ সময় নিষিদ্ধ কাজে লিপ্ত হয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উদ্দেশ্য হলো যারা জারজ সন্তান নয়, তারা যে জান্নাতে যাবে, জারজ সন্তান সেই জান্নাতে প্রবেশ করবে না, যেসব জারজ সন্তান নিষিদ্ধ কাজে লিপ্ত হওয়ার পরিমাণ কম হবে।"



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২০৩; দারেমী: ২/১১২; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ৬/২৮৩; তাহাবী, মুশকিলুল আসার: ৯১৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ দুর্বল বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহাহ: ৬৭৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন